# এইচ এস সি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন। (সকল বোর্ডের জন্য)

## উৎপাদন ব্যবস্থা ও বিপণন: প্রথম পত্র বিষয় কোড: ২৮৬

সময়- ২ঘন্টা ৩০ মিনিট সৃজনশীল প্রশ্ন পূর্ণমান: ৭০

[ দ্রষ্টব্য: দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও। ]

১. কেয়া একটি সুপ্রতিষ্ঠিত কসমেটিক্স কোম্পানি। কোম্পানিটি ২০১৪ সালে ২য় এবং ৩য় কোয়ার্টারে যথাক্রমে মোট ৬০,০০,০০০ টাকা এবং ৮৫,০০,০০০ টাকা মূল্যের কসমেটিক্স সামগ্রী উৎপাদন করে। উভয় কোয়ার্টারে প্রয়োজনীয় কাঁচামাল বাবদ ব্যয় হয়েছে যথাক্রমে ২৫,০০,০০০ টাকা এবং ৩০,০০,০০০ টাকা। এছাড়া উভয় কোয়ার্টারে কর্মকারী ও শ্রমিকের বেতন ও মজুরি বাবদ ব্যয় হয়েছে যথাক্রমে ৭,০০,০০০ টাকা এবং ৮,০০,০০০ টাকা। অন্যান্য খাতে সর্বমোট ব্যয় হয়েছে যথাক্রমে ২,০০,০০০ টাকা এবং ৩,০০,০০০ টাকা।

ক. শ্রমের উৎপাদনশীলতা কী? ১

খ. প্রতিষ্ঠানের জন্য উৎপাদনশীলতা নির্ণয় করা প্রয়োজন কেন? ২

গ. কেয়া কসমেটিক্স এর ২০১৪ সালে উভয় কোয়ার্টারের উক্ত কোম্পানির কাঁচামালের উৎপাদনশীতা মূল্যায়ন কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে ২০১৪ সালে উভয় কোয়ার্টারের উক্ত কোম্পানির কাঁচামালের উৎপাদনশীলতা মূল্যায়ন কর। ৪

২. এক সময়ের 'বিখ্যাত করিম জুট মিলস লি.' এর পণ্যের বাজার এখন নেই বললেই চলে। পরিচালনা পর্ষদ এ অবস্থা থেকে মুক্তি পেতে চায়। এ লক্ষ্যে তারা অন্য একটি বিখ্যাত পোশাক শিল্পের ম্যানেজার মি. রাকিবকে উচ্চ বেতনে তাদের প্রতিষ্ঠানে নিয়োগ দেন। মি. রাকিব বিভিন্ন উপাদানগুলোর মধ্যে সামঞ্জস্য বিধান করেন। বিভাগীয় নির্বাহীদের সাথে আলাদা আলাদাভাবে বসে সমস্যা চিহ্নিত করেন এবং সেই সমস্যাগুলো সমাধানের পদক্ষেপ গ্রহণ করেন। ফলে প্রতিষ্ঠানটি পুনরায় তার বাজার ধীরে ধীরে ফিরে পেতে শুরু করে।

ক. শ্রম কী? ১

খ. কর্মীদের দক্ষতা বৃদ্ধিতে শ্রম বিভাগ কেন গুরুত্বপূর্ণ? ব্যাখ্যা কর। ২

গ. মি. রাকিব কোন ধরনের শ্রমের গতিশীলতা সৃষ্টি করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. মি. রাকিবকে কি একজন দক্ষ সংগঠক বলা যায়? তোমার মতামত দাও। ৪

৩. মি. 'X' ৯০ লক্ষ টাকা এবং ১৫ জন শ্রমিক নিয়ে রংপুরে ডায়াগনেস্টিক সেন্টার স্থাপন করেন। সেবার মান ভাল হওয়ায় চারদিকে এর সুনাম ছড়িয়ে পড়ে এবং তিনি লাভবান হন। ব্যবসাটি বিভিন্ন শহরে সম্প্রসারণের জন্য তিনি তার ছোট ভাইয়ের সাথে পরামর্শ করেন এবং অর্থ সহায়তা চান। তার ভাই তাকে দুই কোটি টাকা মূলধন হিসাবে দিতে রাজি হয়। কিন্তু বর্তমান কাঠামো বিবেচনায় মি. 'X' বেশি চিন্তিত।

Teachingbd.com

ক. অমিতব্যয়ী উৎপাদন মাত্রা কী? ১

খ. মাত্রাজনিত ব্যয় সংকোচ বলতে কী বোঝ? ২

গ. উৎপাদন মাত্রার ভিত্তিতে মি. 'X'-এর প্রতিষ্ঠানটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. মি. 'X'-এর ব্যবসায় কাঠামো পরিবর্তনই হলো বর্তমান সমস্যা সমাধানের উপায়- বিশ্লেষণ কর। ৪

৪. ২০১৪ সালে 'ক' দেশের মোট জনসংখ্যা ছিল ১২ কোটি এবং মোট জাতীয় আয় ছিল ৭.৫ লক্ষ কোটি টাকা। ২০১৫ সালে দেশটির অর্থনৈতিক কার্যক্রমের চিত্র ছিল নিম্নরূপ

| | |
|---|---|
| মোট জাতীয় উৎপাদন | ৯ লক্ষ কোটি টাকা |
| হস্তান্তর পাওয়া | ১০,০০০ কোটি টাকা |
| অবচয় | ২৫,০০০ কোটি টাকা |
| পরোক্ষ কর | ৫০,০০০ কোটি টাকা |
| সরকারের অর্জিত মুনাফা | ২৫,০০০ কোটি টাকা |
| সরকারের ভর্তুকি | ১০,০০০ কোটি টাকা |

২০১৫ সালে দেশটির জনসংখ্যা ছিল ১৩.৫ কোটি।

ক. নিট দেশজ উৎপাদন কী? ১

খ. GDP কিভাবে পরিমাপ করা হয়? ব্যাখ্যা কর। ২

গ. ২০১৫ সালে 'ক' দেশের জাতীয় আয় নির্ণয় কর। ৩

ঘ. 'জাতীয় আয়ের বৃদ্ধি মানেই মাথাপিচু আয় বৃদ্ধি নয়'- উদ্দীপকের আলোকে উক্তিটির যথার্থতা বিচার কর। ৪

৫. ম্যাপেল ফার্মাসিউটিক্যালস লি. এদেশের একটি বিখ্যাত ঔষধ উৎপাদন এবং বিপণনকারী কোম্পানি। বহুবছর আগে থেকেই প্রতিষ্ঠানটি উন্নতমানের ঔষধ কোম্পানির ব্যবসায়ে টিকে আছে। কোম্পানিটি ঔষধের বিদ্যমান মান ধরে রাখা এবং আরো উন্নত করার জন্য বিদেশ থেকে অত্যাধুনিক যন্ত্রপাতি ও প্রযুক্তি এনে কোম্পানিতে ব্যবহার করেছে। যাতে উৎপাদিত ঔষধে কোন সমস্যা না থাকে সে লক্ষ্যে উপযুক্ত মেশিন ও প্রযুক্তি দ্বারা ঔষধ উৎপাদন প্রক্রিয়ার বিভিন্ন সমস্যাবলী চিহ্নিত করা হয়।

ক. কাস্টমাইজেশন কী? ১

খ. মানের ভিন্নতার ভিত্তিতে পণ্য ও সেবার পার্থক্য কর? ২

Teachingbd.com

গ. উদ্দীপকে উল্লেখিত 'ম্যাপেল ফার্মাসিউটিক্যালস' উৎপাদন ব্যবস্থাপনার কোন কাজটিকে সর্বাধিক গুরুত্ব দিচ্ছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'মানসম্পন্ন পণ্য ক্রেতা সন্তুষ্টির সহায়ক'- তুমি কি উক্ত উক্তির সাথে একমত? উদ্দীপকের আলোকে যুক্তিসহকারে উপস্থাপন কর। ৪

৬. মিসেস পপি ফ্যাশন হাউজ পরিচালনা করেন। তিনি প্রায়ই উৎপাদিত পণ্যের ডিজাইনে পরিবর্তন এনে থাকেন। ফলে তার পণ্য ব্যাপক জনপ্রিয়তা অর্জন করেছে। এবারের ঈদ উপলক্ষে নতুন নতুন ডিজাইনের বিভিন্ন ফ্যাশনের পোশাক তৈরি করে সাফল্য অর্জন করেছেন। ভবিষ্যতে তিনি অত্যাধুনিক প্রযুক্তি ব্যবহার করে উৎপাদন প্রক্রিয়া পরিবর্তন করার কথা ভাবছেন।

ক. ব্যবহারিক ডিজাইন কী? ১

খ. 'পণ্য ডিজাইন ক্রেতাকে পণ্য ক্রয়ে আকৃষ্ট করে' - ব্যাখ্যা কর। ২

গ. মিসেস পপি ফ্যাশন মান পরিবর্তনের মাধ্যমে কোন ধরনের পণ্য ডিজাইন করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'মিসেস পপির উৎপাদন প্রক্রিয়া পরিবর্তনের সিদ্ধান্ত যুক্তিসঙ্গত'- তুমি কি একমত? পণ্য ডিজাইনের ধরন বিবেচনায় ব্যাখ্যা কর। ৪

৭. 'ক' ফার্ম স্বাভাবিক পরিস্থিতিতে প্রতিদিন ১০০ একক পণ্য উৎপাদন করে। দৈনিক ৭০ একক পণ্য উৎপাদিত হলে মিতব্যয়িতা অর্জিত হবে। বর্তমানে প্রতিষ্ঠানটি ৫০ একক পণ্য উৎপাদন করে। ফলে প্রতিষ্ঠানটি ক্ষতির সম্মুখীন হচ্ছে। প্রতিষ্ঠানে ৫টি মেশিন অব্যবহৃত থাকছে। প্রতিষ্ঠানের মালিক এই সমস্যা সমাধানের সম্ভাব্য উপায় খুঁজছেন।

ক. উৎপাদন ক্ষমতা কী? ১

খ. উদাহরণসহ গড় ব্যয় ধারণাটি ব্যাখ্যা কর। ২

গ. 'ক' প্রতিষ্ঠানের কার্যকর উৎপাদন ক্ষমতা নির্ণয় কর। ৩

ঘ. 'ক' প্রতিষ্ঠানের সমস্যা সমাধানে তোমার সুপারিশ তুলে ধর। ৪

৮. সুপার ডিলাক্স একটি বৃহৎ এনার্জি বাল্ব প্রস্তুতকারক প্রতিষ্ঠান। গত তিন মাসে প্রতিষ্ঠানটির সরবরাহকৃত ৪০% বাল্ব নষ্ট হওয়াতে ফেরত আসে। ফলে প্রচুর লোকসানের সম্মুখীন হন। ভবিষ্যতে কাঁচামাল ও প্রযুক্তি উন্নয়নের মাধ্যমে প্রতিষ্ঠানটি এই অবস্থা থেকে মুক্তি পেতে চায়।

ক. মান ব্যবস্থাপনা কী? ১

খ. মূল্যায়ন ব্যয় বলতে কী বোঝায়? ২

গ. বাল্ব নষ্ট হওয়ার ফলে সুপার ডিলাক্স এর কোন ধরনের ব্যয় বৃদ্ধি পায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. প্রযুক্তির উন্নয়ন ঘটালে সুপার ডিলাক্স কী লোকসানের হার থেকে রক্ষা পেতে পারে? তোমার মতামত দাও। ৪

Teachingbd.com

৯. টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিষয়ে পড়ালেখা শেষ করে পিংকী একই সাথে 'যুথি ফ্যাশন' এবং 'তিন্নি ফ্যাশন' নামে দুটি গার্মেন্টিস ফ্যাক্টরি থেকে চাকরির প্রস্তাব পান। 'যুথি ফ্যাশন' তিন তালার বিশাল ভবনে অবস্থিত যার দ্বিতীয় তলায় ইংরেজী 'L' অক্ষরের ন্যায় কাটিং, সুইং ও গুদাম ঘর অবস্থিত। প্রতিটি বিভাগের কর্মীদের মোশাকের রং ভিন্ন হওয়ায় কেন্দ্রে অবস্থিত উৎপাদন ব্যবস্থাপক সহজেই কর্মীদের নিয়ন্ত্রণ করতে পারেন। দুটি ফ্যাক্টরির তুলনামূলক সুবিধা বিবেচনা করে পিংকি 'তিন্নী ফ্যাশন'- এ যোগদান করার সিদ্ধান্ত নেন।

ক. বিন্যাস কী? ১

খ. কোন ক্ষেত্রে স্থির বিন্যাস উত্তম? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের যুথি ফ্যাশন কারখানা বিন্যাসের কোন ধরণটি ব্যবহার করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. তিন্নী ফ্যাশনের কারখানা বিন্যাসের ধরন উল্লেখপূর্বক পিংকি কেন ঐ প্রতিষ্ঠানে যোগদান করার প্রস্তাব গ্রহণ করে তা যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

১০. মুন্সিগঞ্জের মনোরঞ্জন ঘোষ একজন আলু ব্যবসায়ী। তিনি শহরের প্রাণকেন্দ্রে নতুন একটি হিমাগার স্থাপনের বিষয়ে বন্ধুর সাথে আলোচনা করেন। মুন্সিগঞ্জ জেলায় নদীপথের সুযোগ সুবিধা থাকায় তার বন্ধু নদীর তীরবর্তী স্থানে হিমাগার স্থাপনের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন।

ক. ব্যবসায়ের অবস্থান কী? ১

খ. ব্যবসা প্রতিষ্ঠানের সঠিক অবস্থান ব্যবসায়ের সফলতার নির্ধারক- ব্যাখ্যা কর। ২

গ. নদীর তীরবর্তী স্থানে হিমাগার স্থাপনের প্রধান কারণ উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. ব্যবসায়ের প্রকৃতি অনুযায়ী ব্যবসা প্রতিষ্ঠানের অবস্থান নির্ধারণ করতে হয়।'- উদ্দীপকের আলেকে উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

১১. মি. গোমেজ একজন ব্যাংকার। তিনি চাকরির পাশাপাশি একটি গার্মেন্টিসের মালিক। তিনি উৎপাদনের উপকরণগুলোর সমন্বয় ঘটিয়ে বার্ষিক ১০ লক্ষ টাকা আয় করেন। তিনি মেশিনের ক্ষয়ক্ষতিজনিত ব্যয় বাবদ ৫০,০০০ টাকা এবং আয়কর বাবদ ৬০,০০০ টাকা পরিশোধ করেন। জাতীয় আয় নির্ণয়ের ক্ষেত্রে নানাবিধ প্রতিবন্ধকতার কারণে গার্মেন্টিস ব্যবসায় অর্থনৈতিকভাবে হুমকির সম্মুখীন হচ্ছে বলে তিনি চিন্তিত।

ক. দ্বৈত গণনা কী? ১

খ. মাথাপিছু আয় বলতে কিছু বোঝায়? ২

গ. মি. গোমেজের জাতীয় আয় নির্ণয়ের পদ্ধতি ব্যাখ্যা কর। ৩

ঘ. মি. গোমেজের দুশ্চিন্তার যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

http://teachingbd.com

# উৎপাদন ব্যবস্থা ও বিপণন- প্রথম পত্র

সময়- ৩০ মিনিট পূর্ণমান-৩০ **বহুনির্বাচনি অভীক্ষা** বিষয় কোড: | ২ | ৮ | ৬ |

[বি: দ্র: সরবরাহকৃত বহুনির্বাচনি অভিক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্ত সমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

**১. ক্রেতার পছন্দ-অপছন্দ অনুসারে পণ্যের উৎকর্ষ সাধনে কাঠামোগত পরিবর্তনকে কী ডিজাইন বলে?**
ⓚ নান্দনিক ⓚ উৎপাদন
ⓖ ব্যবহারিক ⓖ প্যাকিং

**২. কোন পর্যায়ে পরিবর্তনের ক্ষেত্রে পণ্য ডিজাইন প্রক্রিয়া বন্ধ করে দেওয়া উচিত?**
(ক) চূড়ান্ত পর্যায়ে
(খ) ধারণা উন্নয়নে
(গ) উৎপাদনের সামর্থ্য বিবেচনায়
(ঘ) পরীক্ষামূলক উৎপাদন

**৩. পণ্য ডিজাইনের ক্ষেত্রে জড়িত বিষয়গুলো হলো—**
i. পণ্যের অভ্যন্তরীণ বিষয়
ii. পণ্যের বহিরাবরণ
iii. অভাব পূরণের ক্ষমতা
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**৪. মান কী?**
(ক) পণ্যের অন্তর্নিহিত বৈশিষ্ট্য
(খ) পণ্যের বাহ্যিক আবরণ
(গ) পণ্যের উৎপাদন প্রক্রিয়া
(ঘ) পণ্যের ব্যবহৃত উপকরণ

**৫. নিম্নমানের পণ্য উৎপাদনের ফলে—**
i. বাজার শেয়ার হারানো
ii. নিবারণ ব্যয় বৃদ্ধি
iii. দ্রুত বাজার বৃদ্ধি
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**৬. কখন পণ্যের মান নির্ধারণ করতে হয়?**
(ক) উৎপাদনের পূর্বে
(খ) উৎপাদন চলাকালীন
(গ) উৎপাদন শেষে
(ঘ) বাজারজাত করার পূর্বে

**৭. নিম্ন উৎপাদন ক্ষমতার ব্যবহারের কারণ—**
i. অপর্যাপ্ত যোগান
ii. চাহিদা হ্রাস পাওয়া
iii. বাজার শেয়ার হ্রাস
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও:**
অনি ফ্যাশন প্রতিমাসে ৪০,০০০ পিস পোশাক তৈরি করে। এ কোম্পানিটি প্রতিমাসে ৫০,০০০ পিস পোশাক তৈরি করতে সক্ষম। এ কারণে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ চিন্তিত হয়ে পড়ে।

**৮. উদ্দীপকের উল্লিখিত প্রতিষ্ঠানের উৎপাদন ক্ষমতার ব্যবহার হার কত?**
(ক) ৬০% (খ) ৭০%
(গ) ৮০% (ঘ) ৯০%

**৯. কাম্য উৎপাদন মাত্রা নিশ্চিতকরণে উদ্দীপকের প্রতিষ্ঠানটির করণীয় হলো—**
i. ডিজাইনের ব্যাপারে সচেতন হওয়া
ii. বিপণন কার্যের ওপর গুরুত্বারোপ করা
iii. শ্রমিকদের প্রেষণা প্রদান
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**১০. বাংলাদেশে গার্মেন্টিস শিল্পের অবস্থান তৈরির প্রধান কারণ কোনটি?**
(ক) যাতায়াত সুবিধা
(খ) কাঁচামালের প্রাপ্যতা
(গ) সস্তা শ্রম
(ঘ) বিদ্যুৎ সুবিধা

**১১. ব্যবসায়ের অবস্থান নির্বাচন প্রক্রিয়ার সর্বশেষ ধাপ কোনটি?**
(ক) বিকল্পসমূহ চিহ্নিতকরণ
(খ) বিকল্পসমূহ মূল্যায়ন
(গ) তথ্য সংগ্রহ বিশ্লেষণ
(ঘ) সর্বোত্তম বিকল্প নির্বাচন

**১২. ব্যবসায়ের অবস্থানের ওপর প্রভাব বিস্তারকারী রাজনৈতিক উপাদান কোনটি?**
(ক) কাঁচামাল (খ) বাজারের নৈকট্য
(গ) সরকারি নীতি (ঘ) বর্জ্য ব্যবস্থাপনা

**১৩. কোন লে-আউটের উদ্দেশ্য সমজাতীয় যন্ত্রপাতিকে এক বিভাগের অন্তর্ভুক্ত করা হয়?**
(ক) প্রসেস (খ) প্রোডাক্ট
(গ) রিটেইল (ঘ) অফিস

**১৪. আদর্শ বিন্যাসের বৈশিষ্ট্য হলো—**
i. অনমনীয়তা
ii. চলাচলের সুবিধা
iii. তত্ত্বাবধান সুবিধা
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

Teachingbd.com

১৫. জাহাজ নির্মাণ, খনি শিল্পের জন্য উপযোগী বিন্যাস—
- ক প্রসেস
- খ প্রোডাক্ট
- গ ফিক্সড পজিশন
- ঘ অফিস

১৬. উৎপাদনের খাতগুলো হলো—
- i. কৃষি
- ii. শিল্প
- iii. সেবা

নিচের কোনটি সঠিক?
- ক i ও ii
- খ i ও iii
- গ ii ও iii
- ঘ i, ii ও iii

১৭. একই পরিমাণ উপকরণ ব্যবহার করে অধিক উৎপাদন পাওয়া গেলে কী বাড়ে?
- ক উৎপাদন ক্ষমতা
- খ ভোগ প্রবণতা
- গ উপকরণের গতিশীলতা
- ঘ উৎপাদনশীলতা

১৮. সংরক্ষণ প্রক্রিয়ার মাধ্যমে কোন ধরনের উপযোগ সৃষ্টি হয়?
- ক রূপগত
- খ স্থানগত
- গ সত্ত্বগত
- ঘ সময়গত

১৯. আলো, বাতাস, বনজ ও খনিজ সম্পদ নিচের কোনটির আওতাভুক্ত?
- ক ভূমি
- খ শ্রম
- গ মূলধন
- ঘ সংগঠন

২০. শ্রমের দরকষাকষি ক্ষমতা কেমন?
- ক খুব কম
- খ খুব বেশি
- গ স্থির
- ঘ বৃদ্ধি আছে

২১. মূলধন গঠনের সূত্রটি হলো—
- ক মোট উৎপাদন - চাহিদা
- খ মোট উৎপাদন - মূলধন
- গ মোট উৎপাদন - উপযোগ
- ঘ মোট উৎপাদন - ভোগ

২২. উৎপাদন মাত্রা বলতে কিসের পরিমাণকে বোঝায়?
- ক সম্পদ
- খ কাচামাল
- গ উৎপাদন
- ঘ বিপণন

**উদ্দীপকটি পড়ো এবং ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও:**

মিস রুনা ৪৫ কোটি টাকা ব্যয়ে রুনা লি. নামে একটি প্রতিষ্ঠান স্থাপন করেন। এটি স্থাপনের সময় আইনগত ঝামেলা পোহালেও পরবর্তীতে তিনি অধিক পরিমাণে ঋণ সংগ্রহ করতে পারায় প্রতিষ্ঠানের কার্যাবলি পরিচালনায় কোনো ধরনের সমস্যার সম্মুখীন হননি।

২৩. মিস রুনা বৃহদায়তন ব্যবসায়ের কোন ধরনের অসুবিধার সম্মুখীন হয়েছেন?
- ক শ্রম বিভাগ
- খ আমলাতান্ত্রিক ব্যবস্থাপনা
- গ মূলধনাধিক্য
- ঘ গঠনগত জটিলতা

২৪. মিস রুনা কোন কাজে সুবিধা লাভ করেছেন?
- ক প্রাতিষ্ঠানিক সুবিধা
- খ সামাজিক সুবিধা
- গ রাষ্ট্রীয় সুবিধা
- ঘ আর্থিক সুবিধা

২৫. GDP তে নিচের কোনটি বহির্ভূত?
- ক ভোগ ব্যয়
- খ বিনিয়োগ ব্যয়
- গ সরকারি ব্যয়
- ঘ মূলধনী ব্যয়

**উদ্দীপকটি পড়ো এবং ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও:**

একটি দেশের ২০১৪ সালে ভূমির খাজনা ১০০ কোটি টাকা, মজুরি ২০০ কোটি টাকা, মূলধনের সুদ ১২০ কোটি টাকা, মুনাফা ২০০ কোটি টাকা, হস্তান্তর পাওনা ৫০ কোটি টাকা। এক্ষেত্রে দেখা যায় যে জিডিপি নির্ণয়ের ক্ষেত্রে সুতার উৎপাদন ও কাপড়ের উৎপাদন পৃথকভাবে অন্তর্ভুক্ত হয়েছে।

Teachingbd.com

২৬. উদ্দীপকের তথ্যের ভিত্তিতে মোট জাতীয় উৎপাদন কত হবে?
- ক ২৭০ কোটি টাকা
- খ ৪৭০ কোটি টাকা
- গ ৫৭০ কোটি টাকা
- ঘ ৬২০ কোটি টাকা

২৭. উদ্দীপকের বর্ণিত দেশের GDP পরিমাপের সঠিকতার জন্য দায়ী উপাদান কোনটি?
- ক দ্বৈত গণনার সমস্যা
- খ বিনিয়োগ ব্যয়
- গ অবচয় ক্ষতি নির্ধারণ
- ঘ অসততা ও অজ্ঞতা

২৮. গ্রাহকদের ফরমায়েশ অনুযায়ী পণ্য প্রস্তুত করাকে কী বলে?
- ক অ্যাপ্রাইজাল
- খ কাস্টমাইজেশন
- গ পণ্য ডিজাইন
- ঘ প্রমিতকরণ

২৯. উৎপাদন ব্যবস্থাপনার বর্তমান নাম কী?
- ক শ্রমিক-কর্মী ব্যবস্থাপনা
- খ পণ্য ব্যবস্থাপনা
- গ কার্য ব্যবস্থাপনা
- ঘ মান ব্যবস্থাপনা

৩০. উৎপাদন ব্যবস্থাপনার কাজ কোনটি?
- ক দক্ষতা বৃদ্ধি
- খ মজুদ নিয়ন্ত্রণ
- গ কর্মী মূল্যায়ন
- ঘ কর্মী নিয়োগ

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ক | ২ | ঘ | ৩ | ঘ | ৪ | ক | ৫ | ক | ৬ | ক | ৭ | ঘ | ৮ | গ | ৯ | খ | ১০ | গ | ১১ | ঘ | ১২ | গ | ১৩ | ক | ১৪ | গ | ১৫ | গ |
| | ১৬ | ঘ | ১৭ | ঘ | ১৮ | ঘ | ১৯ | ক | ২০ | ক | ২১ | ঘ | ২২ | গ | ২৩ | ঘ | ২৪ | ঘ | ২৫ | ঘ | ২৬ | গ | ২৭ | ক | ২৮ | খ | ২৯ | গ | ৩০ | ক |

http://teachingbd.com